

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৯৩

আগরতলা, ৬ জানুয়ারি, ২০২৪

বনবীথি বিদ্যালয়কেন্দ্রের প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ সন্ধ্যায় যোগেন্দ্রনগরের বনকুমারীতে বনবীথি বিদ্যালয়কেন্দ্রের ৩৯তম প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করেন। প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানের উদ্বোধন করে রাজ্যপাল বলেন, ত্রিপুরায় আসার পর এই রাজ্যকে আরও ভালভাবে জানতে তিনি রাজ্যের বিভিন্ন জায়গা সফর করেছেন। ইতিমধ্যেই তিনি সীমান্ত এলাকার বিভিন্ন গ্রাম সফর করেছেন। তিনি কয়েকটি বিদ্যালয়ও পরিদর্শন করেছেন। এই বিদ্যালয়কেন্দ্র নিয়মানুবর্তিতা ও মূল্যবোধের শিক্ষা দেয় জেনে তিনি আজ এই বিদ্যালয় পরিদর্শনে এসেছেন। রাজ্যপাল আশা প্রকাশ করেন এই বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা আগামী দিনে রাজ্যকে গর্বিত করবে।

প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল পত্নী রেণুকা নাথু, আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, প্রফেসর নীলকান্তি পাল প্রমুখ। অনুষ্ঠানের শুরুতে সবাইকে স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা রাণু পাল। প্রতিষ্ঠা দিবস উদযাপন অনুষ্ঠানে বিদ্যালয়কেন্দ্রের ছাত্রছাত্রীরা বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে।

\*\*\*\*\*